

কালের কণ্ঠ

আপডেট : ৪ জুলাই, ২০১৮ ২৩:১৮

ঝিনাইদহের মসলেম উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়

রড ছাড়াই ঢালাই দোতলা ভবনের



ঝিনাইদহ সদর উপজেলার মসলেম উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ে দোতলা ভবনের নির্মাণকাজে রড ছাড়াই লিনটেল ঢালাই দেওয়া হয়েছে। ইনসেটে লিনটেলের রডহীন একটি অংশ। ছবি : কালের কণ্ঠ

ঝিনাইদহে একটি মাধ্যমিক বিদ্যালয়ের দোতলা ভবনের নির্মাণকাজে রড ছাড়াই লিনটেল ঢালাই দেওয়া হয়েছে। সদর উপজেলার বালিয়াডাঙ্গা গ্রামের মসলেম উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ে এ ঘটনা ঘটেছে।

ঘটনাটি ফাঁস হয়ে যাওয়ার পর গত মঙ্গলবার বিদ্যালয়ের পরিচালনা কমিটি ও শিক্ষক-শিক্ষার্থীরা নির্মাণকাজ বন্ধ করে দেয়। এ ঘটনায় ঝিনাইদহ ফ্যাসিলিটিস বিভাগের নির্বাহী প্রকৌশলী ঠিকাদারকে কারণ দর্শানো নোটিশ দিয়েছেন। একই সঙ্গে কাজটি ভেঙে পুনর্নির্মাণের আদেশ দেওয়া হয়েছে।

ঝিনাইদহ ফ্যাসিলিটিস বিভাগ অফিস সূত্রে জানা যায়, মাগুরার মেসার্স উত্তরা স্পুল সেন্টার নামের একটি ঠিকাদারি প্রতিষ্ঠান নির্মাণকাজটি পায়। ওই প্রতিষ্ঠানের প্রতিনিধি হিসেবে ঝিনাইদহের ঠিকাদার মেজবাউল কবীর খোকা নির্মাণকাজ শুরু করেন। কাজের শুরুতেই বিদ্যালয় পরিচালনা কমিটি অভিযোগ করে, ঠিকাদার নির্মাণকাজে নিম্নমানের ইট, বালু ও খোয়া ব্যবহার করছেন। তবে ওই সময় সংশ্লিষ্ট অফিস বিষয়টি আমলে নেয়নি।

মসলেম উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি বিপ্লব হোসেন জানান, ঠিকাদার মেজবাউল কবীর খোকা প্রথম থেকেই নিম্নমানের নির্মাণসামগ্রী ব্যবহার শুরু করেন। গত সোমবার রড ছাড়াই লিনটেল ঢালাই দিয়েছেন। বিষয়টি জানার পর গ্রামবাসী এর প্রতিবাদ

করে।

ঠিকাদার মেজবাউল কবীর খোকা বলেন, ‘আমি মিস্ত্রীদের এভাবে কাজ করতে বলিনি। তারা কাজে ভুল করেছে।’

কাজ তদারকির দায়িত্বপ্রাপ্ত সহকারী প্রকৌশলী হুমায়ুন কবীর বলেন, ‘নিয়ম অনুযায়ী রড বেঁধে লিনটেল ঢালাই হয়নি। তাই সব ভেঙে ফেলা হয়েছে। একই সঙ্গে এ বিষয়ে ঠিকাদারকে শোকজ করা হয়েছে।’

ঝিনাইদহ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী রফিকুল ইসলাম জানান, সংশ্লিষ্ট ঠিকাদারের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে।

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com